

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
ঢাকা ডিভিশন-২  
মোহাম্মদপুর, ঢাকা।

**প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি**

এতদ্বারা অত্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে শেরপুর জেলার শ্রীবর্দী উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস শীর্ষক প্রকল্পে আবাসিক প্লট বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।  
(ক) প্লটের পরিমাণ ও জামানতের টাকার বিবরণ :

ক্রঃ নং	আবাসিক প্রকল্পের নাম	প্লটের আয়তন (কম/বেশী)	কাঠা প্রতি মূল্য	প্লটের সংখ্যা	জামানতের টাকা (ফেরত যোগ্য)
০১	শেরপুর জেলার শ্রীবর্দী উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প	৫.০০ কাঠা	২.৯৭ লক্ষ টাকা	১৩ টি	১.৫০ লক্ষ টাকা
		৩.৫০ কাঠা		৯৮ টি	১.০০ লক্ষ টাকা
		৩.০০ কাঠা		৪০ টি	১.০০ লক্ষ টাকা
		২.৫০ কাঠা		৪৮ টি	০.৭৫ লক্ষ টাকা
সর্বমোট				১৯৯ টি	

(খ) জামানতের টাকা “চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ” এর অনুকূলে যে কোন তফসীলভুক্ত / বাণিজ্যিক ব্যাংক হতে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার (ঢাকা হতে উত্তোলনযোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। বিদেশে কর্মরত বাংলাদেশী নাগরিকগণ প্রয়োজনে টাকা/পাউন্ড স্টার্লিং/ আমেরিকান ডলার অথবা নির্ধারিত এফ,সি একাউন্টস এর মাধ্যমে প্রদান করতে পারবেন।

(গ) প্লট বরাদ্দের প্রসপেক্টাস ও আবেদন পত্র নগদ টাকা ১০০০/- (এক হাজার) মূল্যে নিম্নবর্ণিত কার্যালয়সমূহ থেকে ১০/১২/২০১৭ খ্রিঃ থেকে ক্রয় করা যাবে এবং আগামী ৩১/০১/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত জমা প্রদান করা যাবে।

ক্রঃ নং	কার্যালয়ের নাম ও ঠিকানা
০১	জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর।
০২	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ১৪/৩৫-এ, শাহজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা।
০৩	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা।
০৪	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা।
০৫	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ই/এম, ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
০৬	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা।
০৭	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম।
০৮	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী।
০৯	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউ টাউন, দিনাজপুর।
১০	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউ টাউন, সিলেট।
১১	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, শ্রীবর্দী, শেরপুর।
১২	পৌরসভা মেয়রের কার্যালয়, শ্রীবর্দী পৌরসভা, শেরপুর।

(ঘ) আবেদনকারীর বয়স ০১/০১/২০১৭ তারিখে ন্যূনতম ২৫ বৎসর হতে হবে।

(ঙ) প্রসপেক্টাসে বর্ণিত চাহিদা মোতাবেক সকল কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে পূরণকৃত আবেদনপত্র আগামী ৩১/০১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (ঢাকা হতে উত্তোলনযোগ্য) সহ অনুচ্ছেদ (গ)-তে বর্ণিত কার্যালয় সমূহে জমা দেয়া যাবে। অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(চ) প্রসপেক্টাসে বর্ণিত পেশা, ফর্মের বিপরীতে বর্ণিত শতকরা হারের ভিত্তিতে বৈধ আবেদনকারীগণকে বরাদ্দ সংক্রান্ত নির্দেশিকা-২০০৮ অনুযায়ী প্লট বরাদ্দ প্রদান করা হবে। তবে প্লটের সংখ্যা হতে বৈধ আবেদনকারীর আবেদনপত্রের সংখ্যা বেশী হলে লটারীর মাধ্যমে বরাদ্দ দেয়া হবে।

(ছ) প্লট বরাদ্দ সংক্রান্ত অন্যান্য তথ্যাদি ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে বিস্তারিত জানা যাবে।

বিঃদ্রঃ- প্লট বরাদ্দের ক্ষেত্রে শেরপুর জেলার শ্রীবর্দী উপজেলার অধিবাসীগণকে অগ্রাধিকার দেয়া হবে।



( মোঃ মোয়াজ্জেম হোসেন )

নির্বাহী প্রকৌশলী  
ঢাকা ডিভিশন-২

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
মোহাম্মদপুর, ঢাকা।